তারিখ ... 16.7.78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7 ...

দৈনিক বাংলা

C35

# ভবিষ্যৎ শিক্ষানীতি হবে গণমুখী : জাফর

কুমিল্লা, ১৫ই জুলাই (বাসস)।— দেশের ভবিষ্যত শিক্ষানীতি হবে গণমুখী। শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ আজ এখানে একথা ঘোষণা করেন।

স্থানীয় টাউন হলে আয়োজিত এক সম্বর্ধনা অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে তিনি বলেন, সমাজের সব স্তরের লোকদের শিক্ষার সমান সুযোগ দানের উদ্দেশ্যে বর্তমান ত্রুটিপূর্ণ শিক্ষা ব্যবস্থা বাতিল করা হবে।

ইউনাইটেড পিপলস পার্টি (ইউপিপি) কুমিল্লা জেলা শাখা তাঁর সম্মানে এ সম্বর্ধনার আয়োজন করেন।

শিক্ষামন্ত্রী বলেন, দেশে একটি উৎপাদনী শক্তির ক্যাডার সৃষ্টি করাই হবে ভবিষ্যত শিক্ষাব্যবস্থার লক্ষ্য। তিনি আরো বলেন, এসব

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## জাফর

(১ম পৃঃ পর)

ক্যাডার জাতীয় উন্নয়নের সর্বক্ষেত্রে অগ্রগতি সাধনে সক্ষম হবে।

শিক্ষকদের ন্যায়সঙ্গত দাবীদাওয়া সরকার পূরণ করবেন বলে মন্ত্রী জানান। তিনি শিক্ষাঙ্গন থেকে দুর্নীতি উচ্ছেদ এবং শিক্ষার সুস্থ পরিবেশ সৃষ্টির ব্যাপারে শিক্ষকদের সহযোগিতা কামনা করেন।

তিনি আরো জানান, কুমিল্লায় একটি বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজ স্থাপনের জন্য স্থানীয় জনগণের দীর্ঘদিনের দাবী বাস্তবরূপ দানের জন্য সকল পদক্ষেপ গ্রহণ করা হবে।